

স্মারক নং-ইইউবি/অতিঃরেজিঃ/ইউজিসি/২০২২-২৩৬

তারিখঃ ১০ সেপ্টেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ


বিজ্ঞপ্তি

বিষয়ঃ নাসা স্পেস অ্যাপস চ্যালেঞ্জ ২০২২ এর রেজিস্ট্রেশন প্রসঙ্গে।

সূত্র: ৩৭.০১.০০০০.১১৪.৯৯.০০১.১৯.১৭, তারিখ: ০৬ সেপ্টেম্বর ২০২২

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে “নাসা স্পেস অ্যাপস চ্যালেঞ্জ ২০২২” প্রতিযোগিতায় অংশগ্রহণের নিমিত্তে রেজিস্ট্রেশন করার জন্য অত্র বিশ্ববিদ্যালয়ের আগ্রহী শিক্ষার্থীদের অনুরোধ করা যাচ্ছে।

০২. এ বিষয়ে বিস্তারিত জানার জন্য কমিশন কর্তৃক প্রেরিত পত্রটি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।


ড. এস. এম. জোবায়ের এনামুল করিম
অতিরিক্ত রেজিস্ট্রার, ইইউবি

প্রাপকঃ সকল শিক্ষার্থী

ইউরোপিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ



বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
web: www.ugc.gov.bd



নম্বর: ৩৭.০১.০০০০.১১৪.৯৯.০০১.১৯.১৭

তারিখ: ২২ ভাদ্র ১৪২৯
০৬ সেপ্টেম্বর ২০২২

প্রাপক:

- ১) রেজিস্ট্রার (সকল পাবলিক বিশ্ববিদ্যালয়)
- ২) রেজিস্ট্রার (সকল বেসরকারী বিশ্ববিদ্যালয়)

বিষয়: নাসা স্পেস অ্যাপস চ্যালেঞ্জ ২০২২ এর রেজিস্ট্রেশন প্রসঙ্গে।

সূত্র: BASIS/NASA Space Apps Challenge Bangladesh 2022/7293/22

তারিখঃ ০২ আগস্ট ২০২২

বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস)-এর তত্ত্বাবধানে এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সহায়তায় শুরু হয়েছে নাসা স্পেস অ্যাপস চ্যালেঞ্জ ২০২২। যুক্তরাষ্ট্রের জাতীয় মহাকাশ সংস্থা নাসার উদ্যোগে অষ্টম বারের মতো বাংলাদেশে আয়োজিত হচ্ছে নাসা স্পেস অ্যাপস চ্যালেঞ্জ। বেসিস বাংলাদেশে আগামী ০১-০৩ অক্টোবর ২০২২ পর্যন্ত আয়োজক হিসাবে NASA Space Apps Challenge Bangladesh 2022 এর আয়োজন করতে যাচ্ছে। উল্লেখ্য যে, অতীতে ২০১৮ এবং ২০২১ সালে নাসা স্পেস অ্যাপস চ্যালেঞ্জ এ বাংলাদেশ Global Champion এবং Honorary Global Champion হওয়ার গৌরব অর্জন করেছে।

০২। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক আপনার প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের সংশ্লিষ্ট প্রতিযোগিতায় অংশগ্রহণের আহবান জানানো হচ্ছে। প্রতিযোগিতায় অংশগ্রহণের বিষয়টি নিশ্চিতকরণের লক্ষ্যে বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৩। আপনার প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট প্রতিযোগিতায় অংশগ্রহণে আগ্রহী শিক্ষার্থীদের সাথে বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস)-এর সমন্বয় সাধনের নিমিত্ত ০১ জন ফোকাল পয়েন্ট ও ০১ জন বিকল্প ফোকাল পয়েন্ট শিক্ষক/কর্মকর্তার তথ্য আগামী ০৭ কার্যদিবসের মধ্যে নিম্নলিখিত ছকে প্রেরণের জন্য অনুরোধ জানানো হলো।

ক্র.নং	লিয়াজো কর্মকর্তা	নাম	পদবী	মোবাইল	ই-মেইল
১।	ফোকাল পয়েন্ট				
২।	বিকল্প ফোকাল পয়েন্ট				

এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনার একান্ত সহযোগিতা কামনা করছি।